*অতি জরুরি*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০৪.০১৭.২০২৪-২৩২ তারিখ: ০৭ ভাদ্র ১৪৩১ / ২২ আগস্ট ২০২৪

বিষয়: সম্প্রতি অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবিলায় স্থানীয় সরকার বিভাগের আওতায় করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে সম্প্রতি অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবিলায় স্থানীয় সরকার বিভাগের আওতায় করণীয় নির্ধারণের লক্ষ্যে ২২-০৮-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী **জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের** জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে----------পৃষ্ঠা

২২/৮/২০২৪

(মাহবুবা আইরিন)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/সিলেট/রংপুর
৩। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ
৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৮। চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

দপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট সিটি কর্পোরেশন
৪। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১। জিওসি, ২৪ ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, চট্টগ্রাম/১৭ ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সিলেট/৩৩ ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, কুমিল্লা
২। কমচিট, বাংলাদেশ নৌবাহিনী, চট্টগ্রাম
৩। এওসি, বাংলাদেশ বিমানবাহিনী, চট্টগ্রাম

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

**বিষয়: সম্প্রতি অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবিলায় স্থানীয় সরকার বিভাগের আওতায় করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি: আবু হেনা মোরশেদ জামান
সচিব, স্থানীয় সরকার বিভাগ

তারিখ: ২২-০৮-২০২৪, অপরাহ্ন ১২:০০ টা

স্থান: স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি অনলাইনে সংযুক্ত এবং উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সম্প্রতি অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, মৌলভীবাজার, হবিগঞ্জ এবং সুনামগঞ্জে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবিলায় স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারীকে সম্ভাব্য সকল কার্যক্রম গ্রহণের জরুরি নির্দেশনা প্রদান করেন। বন্যা কবলিত এলাকাসমূহে জানমালের সুরক্ষায় প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ, সড়ক যোগাযোগসহ গ্রামীণ রাস্তা ও অন্যান্য অবকাঠামো সচল ও প্রস্তুত রাখা, স্বাস্থ্য সুরক্ষা উপকরণ মজুদ, জনসাধারণকে সতর্কীকরণ, নিরাপত্তা নিশ্চিতকরণ প্রভৃতি কাজে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতি গ্রহণের উপর সবিশেষ গুরুত্বারোপ করেন। বন্যা মোকাবিলায় গৃহীত কার্যক্রমসমূহে সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণের পাশাপাশি বেসরকারি সাহায্য সংস্থা, রেড ক্রিসেন্ট, রোভার স্কাউটসহ সংশ্লিষ্ট এলাকার স্বেচ্ছাসেবক ও শিক্ষার্থীগণকে সম্পৃক্ত করার পরামর্শ প্রদান করেন। অতঃপর তিনি (ক) বন্যাপূর্ব, (খ) বন্যা চলাকালীন, এবং (গ) বন্যা পরবর্তী সময়ে স্থানীয় সরকার বিভাগের করণীয় নির্ধারণে আলোচনার নিমিত্ত অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগকে সভা শুরু করার আহবান জানান। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ইতোমধ্যে এ বিষয়ে গৃহীত পদক্ষেপসমূহ সভাকে অবহিত করেন।

২। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর-সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রশাসক, জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের সার্বক্ষণিক বন্যার্ত ও দুর্দশাগ্রস্ত জনগণের পাশে থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

**(১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:**

(ক) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা এর মাধ্যমে আওতাধীন সকল জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের পত্র প্রেরণ করা হয়েছে।

(খ) বন্যা পরিস্থিতি মোকাবিলায় এলজিইডি'র বিভাগীয় জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

(গ) কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ কর্মস্থলে অবস্থানপূর্বক সজাগ দৃষ্টি রাখতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(ঘ) আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা ও সারাদেশে সড়ক যোগাযোগ নিরবচ্ছিন্ন রাখা ও ক্ষতিগ্রস্ত সড়ক দ্রুত মেরামতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**(২) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**

(ক) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা এর মাধ্যমে আওতাধীন সকল জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের পত্র প্রেরণ করা হয়েছে।

(খ) বন্যা উপদ্রুত এলাকায় মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণ স্ব স্ব কর্মস্থলে অবস্থান ও স্থানীয় প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ করছেন।

(গ) আশ্রয়কেন্দ্র প্রস্তুত ও আশ্রয়কেন্দ্রসহ বন্য উপদ্রুত এলাকায় পর্যাপ্ত বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**(৩) ওয়াসা:**

(ক) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/ রাজশাহী ওয়াসা এর আওতাধীন সকল কর্মকর্তাগণকে পত্র প্রেরণ করা হয়েছে।

(খ) বন্যা উপদ্রুত এলাকায় মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণ স্ব স্ব কর্মস্থলে অবস্থান ও স্থানীয় প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ করছেন।

(গ) বন্যা উপদ্রুত এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**(৪) স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

(ক) সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে বন্যা মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

(খ) সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণকে স্ব স্ব কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

**(৫) মনিটরিং কমিটি গঠন:**

স্থানীয় সরকার বিভাগের অধীন বন্যা উপদ্রুত জেলাসমূহে বন্যা পরিস্থিতি মোকাবেলায় মনিটরিং কমিটি গঠন করা হয়েছে।

মনিটরিং কমিটি:

| | | |
|---|---|---|
| ১। | উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় | আহবায়ক |
| ২। | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |

(ক) গঠিত মনিটরিং কমিটিকে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক কন্ট্রোল রুম খোলার নির্দেশনা প্রদান করা হয়েছে।

(খ) বন্যা পরিস্থিতি সম্পর্কে প্রতিদিন সংশ্লিষ্ট জেলার (১) রাস্তাঘাটের অবস্থা, (২) বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা ও (৩) স্থানীয় সরকার প্রতিষ্ঠান ভবনের ক্ষয়ক্ষতির তথ্য ই-মেইলে (lgadmin1@lgd.gov.bd) প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। **প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর** সভাকে অবহিত করেন যে, ক্ষতিগ্রস্ত সড়ক ও সেতুর মধ্যে যোগাযোগ অক্ষুন্ন রাখার জন্য বন্যা কবলিত এলাকায় পাটের বস্তা ব্যবহার করা হচ্ছে এবং তাৎক্ষণিকভাবে জানমাল নিরাপদ স্থানে সরিয়ে নিতে অস্থায়ীভিত্তিতে বাঁশ ও কাঠের সেতু নির্মাণ করা হচ্ছে। অবকাঠামোসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণে গ্রামীণ মহিলারদের নিযুক্ত করা হচ্ছে। **প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** সভাকে অবহিত করেন যে, বন্যা মোকাবিলায় জনস্বাস্থ্য সুরক্ষায় জেরিকেনের মাধ্যমে সুপেয় পানি এবং পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট সরবরাহ করা হচ্ছে। এছাড়া স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণের ব্যবস্থা করা হচ্ছে। পাশাপাশি উপদ্রুত এলাকায় ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিতকরণে নিয়মিতভাবে হাইজিন কিট বিতরণ করা হচ্ছে। **বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম** সভাকে জানান, জরুরিভিত্তিতে বান্দরবান থেকে ফেনীতে মোবাইল ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থানান্তর করতে হবে। এছাড়া, বন্যা মোকাবিলায় জেলা প্রশাসকের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়সহ সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় সেবা প্রদান করছে। **বিভাগীয় কমিশনার, সিলেট** সভাকে অবহিত করেন, সিলেট বিভাগে সর্বোচ্চ উপদ্রুত মৌলভীবাজার, হবিগঞ্জ জেলায় বন্যা মোকাবিলায় প্রয়োজনীয় ত্রাণ মজুদ ও আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। জেলায় পাহাড় ধসের ফলে সম্ভাব্য ক্ষয়ক্ষতি হ্রাসকরণে প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। **বিভাগীয় কমিশনার, রংপুর** সভায় অবহিত করেন, রংপুরে বন্যা পরিস্থিতি উদ্বেগজনক নয়। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম, সিলেট, কুমিল্লা সিটি কর্পোরেশন স্ব স্ব অধিক্ষেত্রে উপদ্রুত এলাকার সর্বশেষ বন্যা পরিস্থিতি, গৃহীত পদক্ষেপসমূহ, কার্যক্রম গ্রহণে প্রতিবন্ধকতাসমূহ সভাকে অবহিত করেন।

৪। **বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। | সড়ক পথে যোগাযোগ ব্যবস্থা অক্ষুন্ন রাখার জন্য অস্থায়ী ব্যবস্থা গ্রহণে পর্যাপ্ত পরিমাণ পাটের বস্তা সরবরাহের ব্যবস্থা করতে হবে এবং বন্যা পরবর্তী স্বল্পতম সময়ে প্রয়োজনীয় মেরামত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এলজিইডি |
| ২। | বন্যার পানি অপসারণ পরবর্তী সময়ে সড়ক ও যোগাযোগ ব্যবস্থা, টিউবওয়েল, আশ্রয়কেন্দ্র প্রভৃতি ক্ষেত্রে সংগঠিত ক্ষয়-ক্ষতির পরিমাণ দ্রুততম সময়ে নিরুপণ করতে হবে। | এলজিইডি ও ডিপিএইচই |
| ৩। | বন্যা উপদ্রুত এলাকায় জলাবদ্ধতা নিরসন, উন্মুক্ত নর্দমাসমূহে অতি জরুরিভিত্তিতে স্ল্যাবের ব্যবস্থা করা এবং পাহাড়ি এলাকায় বিশেষত চট্টগ্রাম, সিলেট, কুমিল্লায় ভূমিধসের ফলে জানমালের ক্ষতি না হয় সে জন্য আগেভাগেই ঝুঁকিপূর্ণ লোকজনকে নিরাপদ স্থানে সরিয়ে নিতে হবে। | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন |
| ৪। | সড়ক অবকাঠামো ও আশ্রয়কেন্দ্রসমূহ রক্ষণাবেক্ষণ, মেরামত, জনস্বাস্থ্য সুরক্ষা, পানিবাহিত রোগ প্রতিরোধ ও সুপেয় পানি সরবরাহ প্রভৃতির নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক দ্রুততম সময়ে দপ্তর/সংস্থার অনুকূলে চলমান ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম কিস্তির অর্থ ছাড়ের ব্যবস্থা করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৫। | বন্যাকালীন সময়ে জনস্বাস্থ্য সুরক্ষায় এবং পানিবাহিত রোগসমূহ প্রতিরোধে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, সুপেয় পানি এবং স্বাস্থ্য সুরক্ষা উপকরণসমূহ উপদ্রুত জনগণের নিকট দ্রুততম সময়ে পৌছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বন্যামুক্ত এলাকাসমূহ হতে জরুরিভিত্তিতে মোবাইল ট্রিটমেন্ট প্ল্যান্ট বন্যা কবলিত এলাকাসমূহে দ্রুত স্থানান্তর এবং প্রয়োজনীয় জনবল ন্যস্তকরণের ব্যবস্থা করতে হবে। | ডিপিএইচই |
| ৬। | প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের SOP প্রণয়ন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৭। | বন্যা কবলিত জেলার উপদ্রুত পৌরসভাসমূহে আরবান প্রাইমারি হেলথকেয়ার প্রকল্পের আওতায় স্বাস্থ্য সহায়তা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন |
| ৮। | সংশ্লিষ্ট জেলাসমূহে পাহাড়ধসে ক্ষয়ক্ষতির পরিমাণ হ্রাস করার লক্ষ্যে মাইকের মাধ্যমে সতর্কীকরণ এবং সম্ভাব্য এলাকাসমূহ হতে জনসাধারণকে নিরাপদ আশ্রয়ে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন |
| ৯। | বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ প্রভৃতির নিমিত্ত উপদ্রুত ১১টি জেলায় ১১ জন ট্যাগ অফিসার নিযুক্ত করতে হবে। তারা দৈনিকভিত্তিতে স্থানীয় সরকার বিভাগের ফোকাল পয়েন্টদের নিকট প্রতিবেদন প্রেরণ করবেন। অতঃপর প্রতিবেদন মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং সচিব, স্থানীয় সরকার বিভাগের নিকট উপস্থাপন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ১০। | বন্যাকালীন ও বন্যা পরবর্তী সময়ে ডেঙ্গুর বিস্তার রোধে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ১১। | স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সকল ধরনের ছুটি বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |

| | | |
|---|---|---|
| ১২। | বন্যা কবলিত জেলাসমূহে সৃষ্ট ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপন করে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের MIS এ নিয়মিতভাবে আপলোড করতে হবে এবং এ তথ্য উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং সচিব, স্থানীয় সরকার বিভাগকে নিয়মিতভাবে প্রেরণ করতে হবে। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |
| ১৩। | বন্যা মোকাবিলায় গৃহীত কার্যক্রমসমূহে জিওসি, ২৪ ডিভিশন, চট্টগ্রাম, কমচিট, চট্টগ্রাম, এওসি, চট্টগ্রাম, জিওসি, ১৭ ডিভিশন, সিলেট, জিওসি, ৩৩ ডিভিশন, কুমিল্লার সাথে সমন্বয়পূর্বক সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণের পাশাপাশি বেসরকারি সাহায্য সংস্থা, রেড ক্রিসেন্ট, রোভার স্কাউটসহ সংশ্লিষ্ট এলাঁকার স্বেচ্ছাসেবক ও শিক্ষার্থীগণকে সম্পৃক্ত করতে হবে। | সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

৫। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:— ২২/৮/২০২৪.

আবু হেনা মোরশেদ জামান
সচিব
স্থানীয় সরকার বিভাগ